



তথ্যবিবরণী

নম্বর: ০৪

১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষে ময়মনসিংহ জেলার প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ (১৯ জুলাই, ২০২৩ খ্রি.):

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলনক্ষেত্রে এ প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় ১৫ আগস্ট উপলক্ষে জাতীয় কর্মসূচি এবং স্ব স্ব বিভাগের সকল কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

শোক দিবস উপলক্ষে জাতীয় কর্মসূচির খসড়া তুলে ধরা হয়। এর মধ্যে রয়েছে ১৫ই আগস্ট সূর্য উদয়ের সাথে সাথে সরকারি-বেসরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত অবস্থায় উত্তোলন, ৭:৩০ মিনিটে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, সকাল ১০টায় তারেক স্মৃতি অডিটোরিয়ামে আলোচনা সভা এবং বাদ জোহর সকল মসজিদে কোরআনখানী, দোয়া ও মাহফিলসহ অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে প্রার্থনার ব্যবস্থা। এছাড়াও সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত সকল প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের এ দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালায় উপস্থিত থাকা ও কালো ব্যাজ ধারণ করা।

অন্যান্য কর্মসূচির মধ্যে রয়েছে স্থানীয় বিভিন্ন টিভি চ্যানেলে জাতির পিতা বঙ্গবন্ধুকে উপজীব্য করে নির্মিত প্রামাণ্য চিত্র সম্প্রচার, জেলা-উপজেলায় স্থাপিত বিলবোর্ডসমূহে পোস্টার স্থাপন ও ডকুমেন্টারি প্রদর্শন, বিভিন্ন অফিস-আদালতে ড্রপডাউন ব্যানার প্রদর্শন। ৫-১৪ আগস্ট শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থাকরণ রয়েছে কর্মসূচির মধ্যে। পৌরসভা ও ইউনিয়ন পর্যায়েও এসব অনুষ্ঠানমালা করার নির্দেশনা রয়েছে।

১ আগস্ট থেকে ৩১ আগস্ট পর্যন্ত সকল স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রী, শিক্ষকদের কালো ব্যাজ ধারণ করার সিদ্ধান্ত হয় আলোচনা সভায়। মাদ্রাসায় জাতীয় শোক দিবস পালনের সদিচ্ছা কম বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে জেলা শিক্ষা অফিসারকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। এ সংক্রান্ত সকল নির্দেশনা শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে বলে শিক্ষা অফিসার অবহিত করেন।

সভায় উপস্থিত ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক মোঃ তৌহিদুল আনোয়ার জানান যে, জাতীয় শোক দিবস উপলক্ষে নতুন উদ্বোধনকৃত মডেল মসজিদগুলোতে কোরআন খতমসহ দোয়া মাহফিলের আয়োজন করা হবে। মসজিদভিত্তিক গণশিক্ষা প্রতিষ্ঠানেও এ কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

সভায় স্থানীয় গণমাধ্যমে বঙ্গবন্ধুর উপর বিশেষ নিবন্ধ প্রকাশের অনুরোধ করা হয়। জেলা তথ্য অফিসারকে সাতদিন পূর্ব থেকে এ সংক্রান্ত প্রচারণার জন্য অনুরোধ করা হয়। পাশাপাশি সিনেমা হলগুলোতে প্রামাণ্যচিত্র প্রদর্শন নিশ্চিত করার জন্যও তাকে অনুরোধ করা হয়। জেলা তথ্য অফিসার জানান এর পাশাপাশি শহরের গুরুত্বপূর্ণ স্থানে বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হবে এবং শহরের মোড়ে মোড়ে পোস্টার স্থাপন করা হবে। শিল্পকলা একাডেমি আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে বলে সভায় অবহিত করা হয়। মুক্তিযোদ্ধাদের উদ্যোগে মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে আলোচনা সভার আয়োজন করা হবে বলে সভাকে অবহিত করেন। জাতীয় পতাকা নিয়মমতো উত্তোলন নিশ্চিত করতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হবে বলে সভায় জানান হয়।

প্রস্তুতিমূলক সভায় পুলিশ সুপার মাছুম আহমেদ ভূঁইয়া বলেন এ দিবসটিকে কেন্দ্র করে স্বাধীনতা চেতনার বিশ্বাসী নয় এমন কোন গোষ্ঠী বা সম্প্রদায় অপ্রীতিকর ঘটনা ঘটাতে না পারে। সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি বলেন গণভোজে নেতিবাচক কোন ঘটনার প্রতি সবাইকে সতর্ক থাকতে হবে।

সভায় জেলা প্রশাসক মোঃ মুস্তাফিজার রহমান বলেন ১৫ আগস্ট দিবসটি অত্যন্ত ভাবগাম্ভীর্য এবং জাতির পিতার প্রতি সর্বোচ্চ শ্রদ্ধা রেখে পালন করতে হবে। তিনি আরো বলেন, এদেশের স্বাধীনতায় বিশ্বাসী প্রতিটি লোক এ দিবসটি মর্যাদার সাথে পালন করেন। তিনি সকলের প্রতি নিজ নিজ দায়িত্বে সচেতন থাকতে এবং সকল সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের শোক দিবস উপলক্ষে আয়োজিত কার্যক্রমে উপস্থিত থাকার আহ্বান জানান।

সভায় বিভিন্ন দপ্তর প্রধানগণ, মুক্তিযোদ্ধা, গণমাধ্যম ব্যক্তিবর্গ ও রাজনৈতিক দলের প্রতিনিধি, বিভিন্ন গণমাধ্যম কর্মী উপস্থিত ছিলেন।

#

রেজডী/দেওয়ান/সজিব/২০২৩/১৪.০০ ঘট্টা